দৈনিক
জনকণ্ঠ

তারিখ 05 JUL 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# বিক্ষুব্ধ শিক্ষকদের মানববন্ধন

**নিজস্ব সংবাদদাতা, গাইবান্ধা, ৫ জুলাই ॥** সরকারী কাজে বাধা এবং পলাশবাড়ি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কাছ থেকে তদন্তকালীন গুরুত্বপূর্ণ কাগজপত্র সন্ত্রাসী কায়দায় ছিনতাইয়ের প্রতিবাদে বুধবার পলাশবাড়িতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশের কর্মসূচী পালিত হয়। পলাশবাড়ি উপজেলার বিক্ষুব্ধ শিক্ষক সমাজ আয়োজিত মানববন্ধন কর্মসূচীতে উপজেলার সর্বস্তরের শিক্ষকরা অংশগ্রহণ করে। মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে বক্তারা ঘটনার জন্য দায়ী সাংবাদিক নামধারী সন্ত্রাসী সিরাজুল ইসলাম রতনকে অবিলম্বে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। গত ১৯ জুন উপজেলার বরিশাল উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে অভিযোগের পরিপ্রেক্ষিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে তদন্ত চলাকালে সাংবাদিক পরিচয় দিয়ে সিরাজুল ইসলাম রতন অফিসে ঢোকে এবং সে পক্ষ নিয়ে তদন্তে ও সরকারী কাজে বাধা দেন এবং শিক্ষা অফিসারকে হুমকি দিয়ে বিবাদীপক্ষের লিখিত জবানবন্দীসহ সকল কাগজপত্র সন্ত্রাসী কায়দায় ছিনিয়ে নিয়ে তা ছিঁড়ে ফেলে এবং দ্রুত পালিয়ে যায়। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুর রহমান বাদী হয়ে সিরাজুল ইসলাম রতনকে আসামি করে ২০ জুন পলাশবাড়ি থানায় মামলা দায়ের করেন। মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন অধ্যক্ষ মমিনুল ইসলাম প্রধান, প্রধান শিক্ষক একেএম আব্দুল বারী, অধ্যক্ষ একেএম আব্দুল নুর, রফিকুল ইসলাম, প্রধান শিক্ষক সুশীল চন্দ্র সরকার, জিয়াউল কবির জুম্মন, বিমল মিত্র, শহিদুল্যাহ কাউসার লাভলু, সাইদুর রহমান, আব্দুস সালাম, ফরহাদ আলী মন্ডল প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগত্যার্থে

স্বাক্ষর